

৪২ প্রতিষ্ঠানে পাস করেনি কেউ, শতভাগ পাস ৯৫৩টিতে



ছবি- সমকাল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৩ | ১৯:২৪ | আপডেট: ২৬ নভেম্বর ২০২৩ | ১৯:৩৩



এইচএসসি ও সমমানের পরীক্ষায় সারাদেশে ৪২টি কলেজ ও মাদ্রাসার কেউ পাস করেনি। অন্যদিকে দেশের ৯৫৩টি প্রতিষ্ঠান শতভাগ পাসের গৌরব অর্জন করেছে।

রোববার সকাল ১০টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে ফলাফলের সারসংক্ষেপ হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

প্রকাশিত ফলাফল বিশ্লেষণ করে দেখা গেছে, শূন্য পাসের প্রতিষ্ঠান গত বছরের তুলনায় কিছুটা কমেছে। গত বছর ৫০টি প্রতিষ্ঠানে কেউই পাস করতে পারেনি।

তবে শতভাগ পাসের প্রতিষ্ঠানের সংখ্যাও কমেছে। গত বছর শতভাগ পাসের শিক্ষাপ্রতিষ্ঠান ছিল ১ হাজার ৩৩০টি। এবার কমে তা ৯৫৩টিতে দাঁড়িয়েছে।